গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০৩৮.২৪/১৭৯

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন/পালন সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: (১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং- ০৮.০০.০০০০.০০০.০২৩.৬৩.০০১১.২৫.৭০, তারিখ: ২৫/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন/পালন সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্যে এতদসঙ্গে সংযুক্ত করে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। প্রথম সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৭। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। দ্বিতীয় সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। অফিস কপি/গার্ড ফাইল।

০৭/০৪/২০২৬

(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ইমেইলঃ nbrba1@gmail.com
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ডেস্কি নং: ৭৪৫
তারিখ: ৩/৪/২৬
প্রতি: সচিব বোর্ড প্রশাসন শাখায়
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৪)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৫)
দ্বিতীয় সচিব (এস্টেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-২ (সমন্বয়)
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০২৩.৬৩.০০১১.২৫.৭০

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।**
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৪১৬.২৩.০০০১.২৬.১৩৪, তারিখ : ১১ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ১১ মার্চ ২০২৬ তারিখের ১৩২ সংখ্যক স্মারকে জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পরিপত্রটি (সংলগ্নীসহ) পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

২৫-০৩-২০২৬
তানভীর হাসান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ইমেইল : tanvir.hassan4749@gmail.co
m

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় সঞ্চয় অধিদপ্তর।
২। সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড।
৩। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
৫। যুগ্ম সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৬। যুগ্মসচিব, বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৭। যুগ্ম সচিব, সঞ্চয় ও স্ট্যাম্প অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৮। যুগ্ম সচিব, কর অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং
৯। যুগ্মসচিব, শুল্ক অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০২৩.৬৩.০০১১.২৫.৭০/১ (২)

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং
২। ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

২৫-০৩-২০২৬
তানভীর হাসান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.২৩.০০০১.২৬.১৩৪ তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।**

জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১১ মার্চ ২০২৬ তারিখে ০৪.০০.০০০০.০০০.৪১৬.২৩.০০০২.২৫.১৩২ সংখ্যক সমন্বিত পরিপত্র জারি করা হয়েছে।

২। এমতাবস্থায়, সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিপত্রটি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিপত্র।

**সংযুক্তিঃ**
(১) পরিপত্র।

১১-০৩-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৪৮
ইমেইল : general_sec@cabinet.gov.bd

বিতরণ:
১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
৪। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। কমিশনার (সকল বিভাগ)।
৬। জেলা প্রশাসক (সকল) এবং
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.২৩.০০০২.২৫.১৩২

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ / ১১ মার্চ ২০২৬

**পরিপত্র**

**বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।**

বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালনের বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) জাতীয় পর্যায়ের নিম্নলিখিত দিবস/উৎসবসমূহ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন/পালন করা হবে:

| ক্রম | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | শহীদ দিবস/আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি |
| ২. | জাতীয় বীমা দিবস | ১ মার্চ |
| ৩. | গণহত্যা দিবস | ২৫ মার্চ |
| ৪. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ |
| ৫. | মে দিবস | ১ মে |
| ৬. | বৌদ্ধ পূর্ণিমা | মে মাসে |
| ৭. | জুলাই গণঅভ্যুত্থান দিবস | ৫ আগস্ট |
| ৮. | লালন সাঁই-তিরোধান দিবস | ১৭ অক্টোবর |
| ৯. | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর |
| ১০. | বড়দিন | ২৫ ডিসেম্বর |
| ১১. | বাংলা নববর্ষ | ১ বৈশাখ |
| ১২. | রবীন্দ্র জয়ন্তী | ২৫ বৈশাখ |
| ১৩. | নজরুল জয়ন্তী | ১১ জ্যৈষ্ঠ |
| ১৪. | ঈদ-উল-ফিতর | ১ শাওয়াল |
| ১৫. | ঈদ-উল-আযহা | ১০ জিলহজ |
| ১৬. | ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ১২ রবিউল আওয়াল |
| ১৭. | দুর্গাপূজা | পঞ্জিকা অনুযায়ী |

(খ) যেসব দিবস ঐতিহ্যগতভাবে পালন করা হয়ে থাকে অথবা বর্তমান সময়ে দেশের পরিবেশ সংরক্ষণ, উন্নয়ন ও সামাজিকভাবে উদ্বুদ্ধকরণের জন্য বিশেষ সহায়ক, সেসব দিবস উল্লেখযোগ্য কলেবরে পালন করা যেতে পারে। মাননীয় মন্ত্রিবৃন্দ এ সকল অনুষ্ঠানে সম্পৃক্ত থাকবেন এবং এ ধরনের অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হবে। এ পর্যায়ের অনুষ্ঠান আয়োজনের জন্য সরকারি উৎস হতে সর্বোচ্চ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা যেতে পারে। এ ধরনের দিবসসমূহ নিম্নরূপ:

| ক্রম | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | জাতীয় সমাজসেবা দিবস | ২ জানুয়ারি |
| ২. | জাতীয় টিকা দিবস | বৎসরের শুরুতে নির্ধারণযোগ্য |
| ৩. | জাতীয় গ্রন্থাগার দিবস | ৫ ফেব্রুয়ারি |
| ৪. | জাতীয় স্থানীয় সরকার দিবস | ২৫ ফেব্রুয়ারি |
| ৫. | জাতীয় ভোটার দিবস | ২ মার্চ |
| ৬. | জাতীয় পাট দিবস | ৬ মার্চ |
| ৭. | বিশ্ব আবহাওয়া দিবস | ২৩ মার্চ |

| ক্রম | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ৮. | জাতীয় চলচ্চিত্র দিবস | ৩ এপ্রিল |
| ৯. | আন্তর্জাতিক ক্রীড়া দিবস<br>ও<br>জাতীয় ক্রীড়া দিবস | ৬ এপ্রিল |
| ১০. | বিশ্ব স্বাস্থ্য দিবস | ৭ এপ্রিল |
| ১১. | মুজিবনগর দিবস | ১৭ এপ্রিল |
| ১২. | নিরাপদ মাতৃত্ব দিবস | ২৮ মে |
| ১৩. | জাতীয় চা দিবস | ৪ জুন |
| ১৪. | বিশ্ব পরিবেশ দিবস | ৫ জুন |
| ১৫. | মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস | ২৬ জুন |
| ১৬. | বিশ্ব জনসংখ্যা দিবস | ১১ জুলাই |
| ১৭. | জুলাই শহীদ দিবস | ১৬ জুলাই |
| ১৮. | জাতীয় পাবলিক সার্ভিস দিবস | ২৩ জুলাই |
| ১৯. | জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস | ৯ আগস্ট |
| ২০. | আন্তর্জাতিক যুব দিবস<br>এবং<br>জাতীয় যুব দিবস | ১২ আগস্ট |
| ২১. | আন্তর্জাতিক সাক্ষরতা দিবস | ৮ সেপ্টেম্বর |
| ২২. | বিশ্ব পর্যটন দিবস | ২৭ সেপ্টেম্বর |
| ২৩. | বিশ্ব নৌ দিবস | সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহ |
| ২৪. | জাতীয় উৎপাদনশীলতা দিবস | ২ অক্টোবর |
| ২৫. | বিশ্ব শিক্ষক দিবস | ৫ অক্টোবর |
| ২৬. | শিশু অধিকার দিবস | অক্টোবর মাসের প্রথম সোমবার |
| ২৭. | আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস | ১৩ অক্টোবর |
| ২৮. | বিশ্ব খাদ্য দিবস | ১৬ অক্টোবর |
| ২৯. | জাতীয় পরিসংখ্যান দিবস<br>(প্রতি পাঁচ বছর অন্তর বিশ্ব পরিসংখ্যান দিবস এবং জাতীয় পরিসংখ্যান দিবস একসঙ্গে উদ্‌যাপিত হবে) | ২০ অক্টোবর |
| ৩০. | জাতীয় নিরাপদ সড়ক দিবস | ২২ অক্টোবর |
| ৩১. | জাতীয় সমবায় দিবস | নভেম্বর মাসের প্রথম শনিবার |
| ৩২. | বিশ্ব এইডস দিবস | ১ ডিসেম্বর |
| ৩৩. | আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস<br>ও<br>জাতীয় প্রতিবন্ধী দিবস | ৩ ডিসেম্বর |
| ৩৪. | জাতীয় বস্ত্র দিবস | ৪ ডিসেম্বর |
| ৩৫. | আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস | ৯ ডিসেম্বর |
| ৩৬. | বেগম রোকেয়া দিবস | ৯ ডিসেম্বর |
| ৩৭. | আন্তর্জাতিক অভিবাসী দিবস<br>এবং<br>জাতীয় প্রবাসী দিবস | ১৮ ডিসেম্বর |

(গ) বিশেষ বিশেষ খাতের প্রতীকী দিবসসমূহ সীমিত কলেবরে পালন করা হবে। মাননীয় মন্ত্রিবৃন্দ এসব দিবসের অনুষ্ঠানে উপস্থিতির বিষয় বিবেচনা করবেন। উন্নয়ন খাত হতে এসব দিবস পালনের জন্য কোনো বিশেষ বরাদ্দ দেওয়া হবে না। এ ধরনের দিবসসমূহ নিম্নরূপ:

| ক্রম | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | বার্ষিক প্রশিক্ষণ দিবস | ২৩ জানুয়ারি |
| ২. | জাতীয় নিরাপদ খাদ্য দিবস | ২ ফেব্রুয়ারি |
| ৩. | জাতীয় ক্যান্সার দিবস | ৪ ফেব্রুয়ারি |
| ৪. | জাতীয় শহীদ সেনা দিবস | ২৫ ফেব্রুয়ারি |
| ৫. | আন্তর্জাতিক নারী অধিকার ও আন্তর্জাতিক শান্তি দিবস | ৮ মার্চ |
| ৬. | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস | ১০ মার্চ |
| ৭. | বিশ্ব পানি দিবস | ২২ মার্চ |
| ৮. | BNCC DAY | ২৩ মার্চ |
| ৯. | বিশ্ব যক্ষ্মা দিবস | ২৪ মার্চ |
| ১০. | বিশ্ব অটিজম সচেতনতা দিবস | ২ এপ্রিল |
| ১১. | বিশ্ব মেধা সম্পদ দিবস | ২৬ এপ্রিল |
| ১২. | জাতীয় আইনগত সহায়তা দিবস | ২৮ এপ্রিল |
| ১৩. | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস | ২৮ এপ্রিল |
| ১৪. | বিশ্ব প্রেস ফ্রিডম দিবস | ৩ মে |
| ১৫. | আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস | ৮ মে |
| ১৬. | বিশ্ব টেলিযোগাযোগ দিবস | ১৫ মে |
| ১৭. | বিশ্ব তামাকমুক্ত দিবস | ৩১ মে |
| ১৮. | বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস | ৯ জুন |
| ১৯. | বিশ্ব খরা ও মরুকরণ প্রতিরোধ দিবস | ১৭ জুন |
| ২০. | আন্তর্জাতিক সমবায় দিবস | জুলাই মাসের প্রথম শনিবার |
| ২২. | আন্তর্জাতিক ওজোন সংরক্ষণ দিবস | ১৬ সেপ্টেম্বর |
| ২৩. | বিশ্ব হার্ট দিবস | সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার |
| ২৪. | আন্তর্জাতিক প্রবীণ দিবস | ১ অক্টোবর |
| ২৫. | বিশ্ব বসতি দিবস | অক্টোবর মাসের প্রথম সোমবার |
| ২৬. | জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস | ৬ অক্টোবর |
| ২৭. | বিশ্ব ডাক দিবস | ৯ অক্টোবর |
| ২৮. | বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস | ১০ অক্টোবর |
| ২৯. | বিশ্ব সাদা ছড়ি দিবস | ১৫ অক্টোবর |
| ৩০. | জাতিসংঘ দিবস | ২০ অক্টোবর |
| ৩১. | জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস | ২ নভেম্বর |
| ৩২. | বিশ্ব ডায়েবেটিক দিবস | ১৪ নভেম্বর |
| ৩৩. | প্যালেস্টাইনি জনগণের প্রতি আন্তর্জাতিক সহমর্মিতা দিবস | ২৯ নভেম্বর |
| ৩৪. | বিশ্ব মানবাধিকার দিবস | ১০ ডিসেম্বর |
| ৩৫. | জাতীয় জীববৈচিত্র্য দিবস | ২৯ ডিসেম্বর |

(ঘ) উল্লিখিত তিন ধরনের দিবস ছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ আরও কিছু দিবস পালন করে থাকে, যা গতানুগতিক প্রকৃতির। কোনো কোনো ক্ষেত্রে দিবসসমূহ পুনরাবৃত্তিমূলক এবং বর্তমান সময়ে তেমন কোনো গুরুত্ব বহন করে না। সরকারের সময় এবং সম্পদ সাশ্রয়ের লক্ষ্যে সরকারি সংস্থাসমূহ এ ধরনের দিবস পালনের সঙ্গে সম্পৃক্তি পরিহার করতে পারে।

২। শিক্ষা সপ্তাহ, প্রাথমিক শিক্ষা সপ্তাহ, বিজ্ঞান সপ্তাহ, বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ (১-৭ আগস্ট), বিশ্ব শিশু সপ্তাহ (২৯ সেপ্টেম্বর-৫ অক্টোবর), জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ (নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহ), সশস্ত্র বাহিনী দিবস (২১ নভেম্বর), পুলিশ সপ্তাহ, বিজিবি সপ্তাহ, আনসার সপ্তাহ, মৎস্য পক্ষ, বৃক্ষরোপণ অভিযান এবং জাতীয় ক্রীড়া সপ্তাহ পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা নিয়ে কর্মসূচি গ্রহণ করবে। অনুমোদিত কর্মসূচি অনুযায়ী অনুষ্ঠানাদির আয়োজন করা হবে।

৩। জাতীয় পর্যায়ের উৎসবসমূহ ব্যতীত সাধারণভাবে দিবস পালনের ক্ষেত্রে আরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) সাজসজ্জা ও বড় ধরনের বিচিত্রানুষ্ঠান যথাসম্ভব পরিহার করতে হবে। তবে, রেডিও ও টেলিভিশনে আলোচনা এবং সীমিত আকারে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা যাবে। কর্মদিবসে সমাবেশ/শোভাযাত্রা পরিহার করতে হবে।

(খ) কোনো সপ্তাহ পালনের ক্ষেত্রে অনুষ্ঠানসূচি সাধারণভাবে তিন দিনের মধ্যে সীমিত থাকবে।

(গ) সরকারিভাবে গৃহীত কোনো কর্মসূচি যাতে অফিসের কর্মকাণ্ডে ব্যাঘাত না ঘটায়, তা নিশ্চিত করতে হবে এবং আলোচনা বা সাংস্কৃতিক অনুষ্ঠানাদি ছুটির দিনে অথবা অফিস সময়ের পরে আয়োজনের চেষ্টা করতে হবে।

(ঘ) নগদ কিংবা উপকরণ আকারে অর্থ/সম্পদ ব্যয়ের প্রয়োজন হবে না- এরূপ সাধারণ ইভেন্টসমূহ ছুটির দিনে কিংবা কার্যদিবসে আয়োজন করা যাবে। যেমন: মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রচার, পতাকা উত্তোলন (প্রযোজ্য ক্ষেত্রে), ঘরোয়া আলোচনা সভা, রেডিও ও টেলিভিশনে আলোচনা, পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি প্রদান ইত্যাদি।

(ঙ) কোনো দিবস বা সপ্তাহ পালন উপলক্ষ্যে রাজধানীর বাইরে থেকে/জেলা পর্যায় হতে কর্মকর্তা/কর্মচারীদেরকে ঢাকায় আনা যথাসম্ভব পরিহার করা হবে।

(চ) সরকারি ব্যয় সাশ্রয়ের ধারাবাহিকতা রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগসমূহের স্ব স্ব অধিক্ষেত্রে সমধর্মী জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আন্তর্জাতিক দিবস উদ্‌যাপনকে প্রাধান্য দিয়ে এরূপ দিবসসমূহ একই তারিখে একত্রে পালন করা আবশ্যক। মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রযোজ্য ক্ষেত্রে এতদ্‌বিষয়ক সারসংক্ষেপ মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

৪। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অনুরোধ করা হলো।

৫। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ১৪ আগস্ট ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০০২.২৫.৫১২ সংখ্যক পরিপত্র এতদ্দ্বারা বাতিল করা হলো।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২১/০৩/২০২৬

তানিয়া আফরোজ
উপসচিব
২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
৪। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। কমিশনার (সকল বিভাগ)।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২২/০৩/২০২৬

তানিয়া আফরোজ
উপসচিব